

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৪৩/২০১৬

অভিযোগকারী : জনাব কৃষ্ণ দাস
পিতা-মানিক দাস
গ্রাম-হাতিখানা, সৈয়দপুর
নীলফামারী।

প্রতিপক্ষ : ১. মোঃ আশরাফুল ইসলাম
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
উন্নত সেনাখুলি নিরাশা সরকারী প্রাথমিক
বিদ্যালয়, সৈয়দপুর, নীলফামারী।

২. জনাব মোঃ আহসান হাবীব
উপজেলা শিক্ষা অফিসার
ও
কথিত আপীল কর্তৃপক্ষ (আরটিআই)
সৈয়দপুর, নীলফামারী।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৮-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ২১-০৮-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে প্রধান শিক্ষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উন্নত সেনাখুলি নিরাশা সরকারী প্রাথমিক বিদ্যালয়, সৈয়দপুর, নীলফামারী বরাবরে
রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

চলতি শিক্ষা বর্ষে অত্র বিদ্যালয়ে সৈয়দপুর প্রাথমিক শিক্ষা অফিস থেকে কতবার পরিদর্শন করা হয়েছে তা
জানতে চাই।

২। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরিত তথ্য প্রাপ্তির আবেদন গ্রহণ না করে ফেরৎ দেয়ায় অভিযোগকারী ০৫-০৫-২০১৬
তারিখে জনাব মোঃ আহসান হাবীব, উপজেলা শিক্ষা অফিসার, সৈয়দপুর, নীলফামারী বরাবরে আপীল আবেদন
করেন। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরিত আপীল আবেদন গ্রহণ না করে ফেরৎ দেয়ায় অভিযোগকারী ০১-০৬-২০১৬
তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনাতে শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ০৮-
০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত
কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ০৮-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত
কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষ হাজির।

৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
(আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে
তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন
প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তিনি আরো বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার
চাহিত তথ্যাদি প্রদান না করায় সংক্ষুর হয়ে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন এবং
প্রার্থিত তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদনপত্র সম্পর্কে অবগত না থাকায় যথাসময়ে তথ্য সরবরাহ করতে পারেন নি । তথ্য কমিশনের সমন্বে সাথে সংযুক্ত তথ্য প্রাপ্তির আবেদনপত্রের মাধ্যমে অভিযোগকারীর চাহিত তথ্যাদি সম্পর্কে জানতে পারেন । এই পরিপ্রেক্ষিতে অভিযোগকারীকে তার যাচিত তথ্য সরবরাহ করার জন্য প্রস্তুত করে নিয়ে এসেছেন । শুনানীআন্তে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্যাদি প্রদানযোগ্য হলে সরবরাহ করা হবে মর্মে তিনি কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন ।

৬। প্রতিপক্ষ কথিত আপীল কর্তৃপক্ষ, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর আপীল আবেদনপত্র না পাওয়ায় যথাসময়ে তথ্য সরবরাহ করা যায় নি । এজন্য তিনি লিখিতভাবে ক্ষমা প্রার্থনা করেন এবং অভিযোগকারীকে তার যাচিত তথ্য সরবরাহ করার জন্য প্রস্তুত করে নিয়ে এসেছেন । শুনানীআন্তে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্যাদি প্রদান করা হবে মর্মে তিনি কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন ।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, এই অভিযোগের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণে অভিযোগকারী ব্যর্থ হয়েছেন । কারন সরকারী প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে সর্বনিম্ন তথ্য প্রদানকারী ইউনিট হচ্ছে সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় । এই অভিযোগের ক্ষেত্রে উপজেলা শিক্ষা অফিস তথ্য প্রদানকারী ইউনিট এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আপীল কর্তৃপক্ষ হবেন । শুনানীকালে উপস্থিতি উপজেলা শিক্ষা অফিসার অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয় ।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্ণাংগ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় জনাব মোঃ আহসান হাবিব, উপজেলা শিক্ষা অফিসার ও সঠিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সৈয়দপুর, নীলফামারী কে এই সিদ্ধান্ত প্রাপ্তির ০৭ দিনের মধ্যে যাচিত তথ্যাদি সরবরাহের আদেশ দিয়ে অত্র অভিযোগ থেকে অব্যাহতি দেওয়া হলো ।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো ।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো ।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক ।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাইদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার